



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং-পনি/সাধারণ-৩/৭৩/২৬৩

তারিখ : ০২-০৪-২০২৩ খ্রি.

বিষয়: ২০২৩ সালের অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ প্রসঙ্গে

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় ব্যবহারের জন্য নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার পরীক্ষা কেন্দ্রের প্রয়োজনীয়সংখ্যক অলিখিত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ আনুষঙ্গিক যাবতীয় মালামাল অত্র বোর্ডের সাধারণ বিভাগ হতে সরবরাহ করা হবে। নির্ধারিত তারিখে স্ব স্ব কেন্দ্রের মালামাল গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	জেলার নাম	বিতরণের তারিখ	উপজেলার নাম
১.	বাগেরহাট	০৩-০৪-২০২৩	সকল উপজেলা
২.	সাতক্ষীরা	০৪-০৪-২০২৩	সকল উপজেলা
৩.	কুষ্টিয়া	০৫-০৪-২০২৩	সকল উপজেলা
৪.	চুয়াডাঙ্গা ও মেহেরপুর	০৬-০৪-২০২৩	সকল উপজেলা
৫.	নড়াইল, মাগুরা	০৮-০৪-২০২৩	সকল উপজেলা
৬.	খুলনা	০৯-০৪-২০২৩	কয়রা, পাইকগাছা, বাঁচিয়াঘাটা, তেরখাদা, দাকোপ ও ডুমুরিয়া
		১০-০৪-২০২৩	ফুলতলা, দিঘলিয়া, রূপসা ও খুলনা সিটি কর্পোরেশন
৭.	ঝিনাইদহ	১১-০৪-২০২৩	সকল উপজেলা
৮.	যশোর	১২-০৪-২০২৩	চৌগাছা, কেশবপুর, মণিরামপুর ও শার্শা
৯.		১৩-০৪-২০২৩	যশোর সদর, অভয়নগর, বাঘারপাড়া ও ঝিকরগাছা

উল্লেখ্য, নির্ধারিত তারিখে মালামাল গ্রহণের জন্য কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না।

বি. দ্র. মালামাল গ্রহণের আবেদনের সাথে ২০২৩ সালের এসএসসি কেন্দ্র নবায়ন ফিস জমা দেওয়ার সোনালী সেবার রশিদ এবং নতুন কেন্দ্রের ক্ষেত্রে কেন্দ্র অনুমতিপত্র ও কেন্দ্র স্থাপন ফিস জমার সোনালী সেবার রশিদ অবশ্যই দাখিল করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শেষে ব্যবহারিক উত্তরপত্রসহ উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ সকল মালামাল এক সপ্তাহের মধ্যে বোর্ডে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০২, ০৪, ২০২৩

(ড. বিশ্বাস শাহিন আহমদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন: ০২৪৭৭৬২৭১৪

মোবাইল: ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব

এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র

স্মারক নং-পনি/সাধারণ-৩/৭৩/

তারিখ : ৩০-০৩-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা
- ২। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতায় সকল উপজেলা
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতায় সকল উপজেলা
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। অফিস কপি

(মোঃ ফজলুর রহমান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোবাইল : ০১৭১৫৩০৯৪৯০